গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

স্মারক নং: ৩২.০১.০০০০.০১২.০২.০০৪.২৫ (অংশ-১).১৭৮ তারিখ:১৪/০৫/২০২৬ খ্রি:

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরের নিরীক্ষা কার্য পরিচালনার নিমিত্ত মাঠ পর্যায়ে প্রেরিত বরাদ্দের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ প্রসঙ্গে।

সূত্র: ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-৫৯৬, তারিখ: ০৫ এপ্রিল ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে মাঠ পর্যায়ে '৩২৩১৩০১-প্রশিক্ষণ' ও '৩২১১১১১-সেমিনার কনফারেন্স' খাতে প্রেরিত বরাদ্দের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণের জন্য অর্থ মন্ত্রণালয়ের সংযুক্ত পরিপত্রের নির্দেশ মোতাবেক ব্যবস্থাগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র।

১৪/০৫/২০২৬
শবনম শিরিন
উপপরিচালক (অ:দা:)
মা ও শিশু সহায়তা কর্মসূচি।

বিতরণ কার্যার্থে:
১। উপপরিচালক, (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর;
২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। উপসচিব, বাজেট শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। পরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-৫৯৬

তারিখ: ২২ চৈত্র ১৪৩২ / ০৫ এপ্রিল ২০২৬

**পরিপত্র**

বিষয়ঃ **২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ।**

মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা ও যুদ্ধের ফলে উদ্ভূত বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২৫-২৬ অর্থবছরে সকল সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সংশোধিত বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

এই আদেশ জারির তারিখ হতে চলতি ২০২৫-২৬ অর্থবছরের অবশিষ্ট সময়ে সংশোধিত বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে প্রদর্শিত বরাদ্দ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

(১) '৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়' খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(২) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর কর্তৃক পরিচালিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ (৩২৩১৩০১) খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে। তবে বিভিন্ন সরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত প্রশিক্ষণসমূহ এর আওতা বহির্ভূত থাকবে;

(৩) সরকারি অর্থায়নে সকল ধরনের বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে অংশগ্রহণ বন্ধ থাকবে;

(৪) '৩২১১১১৩-বিদ্যুৎ', '৩২৪৩১০১-পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট', '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' ও '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' খাতে অবশিষ্ট অর্থের সর্বোচ্চ ৭০% ব্যয় করা যাবে। এর অতিরিক্ত ব্যয় করলে ভবিষ্যতে কোনো বকেয়া দাবী করা যাবে না;

(৫) '৩২১১১১১-সেমিনার/কনফারেন্স ব্যয়' খাতে অবশিষ্ট অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে। তবে সকল ধরনের সভা/সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ এর আপ্যায়ন ব্যয়ে ৫০% ব্যয় করা যাবে;

(৬) সকল ধরনের যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে;

(৭) আবাসিক (৪১১১১০১)/অনাবাসিক (৪১১১২০১)/অন্যান্য ভবন স্থাপনা (৪১১১৩১৭) খাতে অবশিষ্ট অর্থের ৫০% ব্যয় করা যাবে। তবে চলমান নির্মাণ কাজ ন্যূনতম ৭০ শতাংশ সম্পন্ন হয়ে থাকলে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে;

(৮) '৩২৫৮১৪১-অভ্যন্তরীণ শোভাবর্ধন' এবং '৪১১১৩২৫-অভ্যন্তরীণ শোভাবর্ধন' উভয় খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(৯) '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক' খাতে ব্যয় বন্ধ থাকবে;

(১০) পরিচালন বাজেটের আওতায় '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে ব্যয় বন্ধ থাকবে। তবে উন্নয়ন বাজেটের ক্ষেত্রে অধিগ্রহণ কার্যক্রমের সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ব্যয় করা যাবে; এবং

(১১) সরকারি কর্মচারীদের গাড়ী ক্রয়ে সুদমুক্ত বিশেষ অগ্রিম (৭২১৫১০৩-সুদমুক্ত ঋণ) প্রদান বন্ধ থাকবে।

০৫.৪.২৬


(মোহাম্মদ জাকির হোসেন)
উপসচিব
☎ ৯৫১ ৪১৪৬
ই-মেইলঃ zakirh@finance.gov.bd


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৫. সিনিয়র সচিব/সচিব, ........................................ মন্ত্রণালয়/বিভাগ
৬. সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (সকল প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা-কে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)

৮. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৯. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ
১০. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
১১. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১২. অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা